



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নার্সিং হোমের বাসিন্দাদের সংক্রমণ থেকে রক্ষা করতে এবং
প্রিয়জনদের অবগত রাখার জন্য বিধিমালায় স্বাক্ষর করলেন

*বিধিমালা (S.1785A/A.6052) নার্সিং হোমগুলির জন্য বাসিন্দাদের, অনুমোদিত
পরিবারের সদস্যদের এবং অভিভাবকদেরকে কখন একটি সংক্রমণ নির্ণীত হয়েছে তা
জানানো আবশ্যিক করে*

*নিশ্চিত করে যাতে ফ্যাসিলিটিগুলির কাছে সংক্রমণের সংস্পর্শে আসা বা সংক্রমিত
হওয়া বাসিন্দাদের স্থান প্রদানের পরিকল্পনা থাকে যাতে করে তা অন্যদের মধ্যে বিস্তার
না করে*

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালায় স্বাক্ষর করেছেন যা আবাসিক স্বাস্থ্যসেবা
ফ্যাসিলিটিগুলিতে একটি সংক্রমণ নির্ণীত হলে তাদের জন্য বাসিন্দা ও তাদের পরিবারের সদস্য
ও অভিভাবকদেরকে দ্রুত সে ব্যাপারে জানানো আবশ্যিক করে। এছাড়াও এটি নার্সিং
হোমগুলির জন্য সংক্রমণের বিস্তার ঠেকাতে সংক্রমণের সংস্পর্শে আসা বা সংক্রমিত হওয়া
বাসিন্দাদের স্থান প্রদানের পরিকল্পনা রাখা আবশ্যিক করে।

"নার্সিং হোমে বাস করা নিউ ইয়র্কবাসীদের সর্বোচ্চ মানের সেবা প্রাপ্য এবং তাদের পরিবারের
জানার অধিকার আছে যে তাদের প্রিয়জনেরা নিরাপদ আছে," **গভর্নর হোকল বলেন।** "এই
বিধিমালা দ্বারা আমরা নিশ্চিত করবো যাতে সকল ফ্যাসিলিটি একটি সংক্রমণ নির্ণীত হওয়ার
পর বাসিন্দাদের সংস্পর্শ থেকে সুরক্ষা দিতে পারে, এবং সেই সাথে যোগাযোগ উন্নত করতে
পারে যাতে নিশ্চিত করা যায় যে বাসিন্দা ও পরিবারের সদস্যরা সময়মতো এমন পরিস্থিতির
ব্যাপারে জানতে পারবে। এটি একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা নিশ্চিত করবে যে নার্সিং
হোমগুলি সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা দিতে সঠিক ব্যবস্থা গ্রহণ করছে।"

বিধিমালা (S.1785A/A.6052) বিদ্যমান মহামারী জরুরি পরিকল্পনা বিস্তৃত করবে যোগাযোগ
উন্নত করার জন্য যেখানে নার্সিং হোমগুলির জন্য বাসিন্দা ও তাদের প্রিয়জনদেরকে একটি
সংক্রমণের ব্যাপারে জানানো আবশ্যিক হবে। এছাড়াও এটি ফ্যাসিলিটিগুলির জন্য একটি
সংক্রামক ব্যাধি প্রাদুর্ভাবের ঘটনায় বাসিন্দাদের স্থান প্রদানের একটি পরিকল্পনা বা প্রক্রিয়া
প্রস্তুত রাখা আবশ্যিক করে, যা নিশ্চিত করতে সাহায্য করবে যাতে প্রতিটি নার্সিং হোম একটি

সংক্রমণের ঘটনায় বাসিন্দাদেরকে তাদের ও অন্যদের নিরাপত্তার জন্য কার্যকরভাবে স্থান প্রদান করার জন্য প্রস্তুত ও সক্ষম।

স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন, "কোভিড-19 মহামারী আমাদের বহু প্রয়োজনীয়, কিন্তু গভীর বেদনাদায়ক পাঠ শিখিয়েছে। নার্সিং হোম নিরাপত্তার ব্যাপারে আমাদের 2020 সালের শুনানিসমূহের সরাসরি ফলাফল হিসেবে, এই বিধিমালাটি নিশ্চিত করবে যাতে এই ফ্যাসিলিটিগুলি ভবিষ্যতে সংক্রমণ দেখা দিলে প্রস্তুত থাকে, এবং আমাদের অসুস্থ ও বয়স্কদের পরিবারগুলিকে তাদের সেবার ব্যাপারে অবগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা প্রদান করবে। আমরা আর কখনো আমাদের আবাসিক সেবা ফ্যাসিলিটিগুলিকে এমন অন্ধকারে পতিত হতে দিতে পারি না।"

অ্যাসেম্বলি সদস্য জেনিফার লান্সফোর্ড বলেন, "যখন কোভিড আঘাত হানে, তখন নার্সিং হোমের বাসিন্দা ও তাদের প্রিয়জনেরা বিপদে পড়েছিলো। নার্সিং হোমগুলি উপলব্ধি করে যে তারা জনস্বাস্থ্য জরুরি অবস্থার জন্য প্রস্তুত নয়, এবং বাসিন্দা ও প্রিয়জনেরা এ ব্যাপারে অন্ধকারে ছিলো। এই বিলটি ভবিষ্যতে একই ধরনের বিপর্যয় প্রতিরোধ করার উদ্দেশ্যে সংক্রমণ আপডেট এবং আবাসিক স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিগুলির জন্য পরিকল্পনা ব্যবস্থা আবশ্যিক করে। এই ফ্যাসিলিটিগুলির থেকে জনস্বাস্থ্য জরুরি অবস্থায় স্বচ্ছতা ও পরিকল্পনা অত্যাবশ্যিক কারণ আমরা কোভিড মহামারী থেকে পুনরুদ্ধার অব্যাহত রেখেছি। আমরা আমাদের সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীদের সাথে এমনটি আবার হতে দিতে পারি না।"

বিধিমালাটি দীর্ঘমেয়াদি সেবার ফ্যাসিলিটির বাসিন্দাদের সুরক্ষা প্রদানে গভর্নর হোকলের অব্যাহত প্রয়াসের উপর ভিত্তি করে হয়েছে। 2021 সালের ডিসেম্বর মাসে, গভর্নর [চারটি বিধিমালার একটি প্যাকেজে](#) স্বাক্ষর করেন দীর্ঘমেয়াদি সেবার ফ্যাসিলিটিসমূহকে সমর্থন করতে এবং এই ব্যবস্থায় সহায়তা প্রদান করার জন্য। বিধিমালাটি স্বাস্থ্য কমিশনারকে একটি নার্সিং হোমগুলিতে সংক্রমণ পরিদর্শন অডিট এবং একটি চেকলিস্ট বাস্তবায়ন করার নির্দেশ দেয়, স্টেটের দীর্ঘমেয়াদি সেবার ওমবাডসম্যান কর্মসূচি (State Long-Term Care Ombudsman Program) এবং সম্পর্কিত কর্মসূচিসমূহে একাধিক সংশোধন প্রণয়ন করে যাতে করে নার্সিং হোম ও আবাসিক সেবা ফ্যাসিলিটিগুলির বাসিন্দাদের জন্য অ্যাক্সেসিবিলিটি বৃদ্ধি করা যায়, "দীর্ঘমেয়াদি সেবা পুনঃকল্পনা টাস্কফোর্স" প্রতিষ্ঠা করেছে স্টেটের দীর্ঘমেয়াদি সেবা পরিষেবা অধ্যয়ন করার জন্য, এবং অর্থনৈতিক বিকাশ কমিশনারকে নির্দেশ দিয়েছে স্বাস্থ্য কমিশনার, শ্রম কমিশনার এবং শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services) পরামর্শ নিয়ে একটি দীর্ঘমেয়াদী কৌশল অধ্যয়ন, বিকাশ ও বাস্তবায়ন করার জন্য যা নিউ ইয়র্ক স্টেটে কেয়ারগিভিং শিল্পখাতের বিকাশকে সমর্থন করবে। গভর্নর হোকল এছাড়াও দীর্ঘমেয়াদি সেবার ওমবাডসম্যান কর্মসূচিতে বিনিয়োগ, নার্সিং হোমগুলির জন্য ব্যয়পূরণ, কর্মীদের জন্য অতিরিক্ত তহবিল এবং সেই সাথে নার্সিং হোম রূপান্তরের জন্য ক্যাপিটাল তহবিল যার মধ্যে থাকবে নার্সিং হোম সবুজ বাড়ি মডেলের প্রচার যা সকলের জন্য উচ্চমানের দীর্ঘমেয়াদি সেবা প্রচার করবে তার সমর্থন করেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418